

একই স্মারক ও তারিখের বিকল্প প্রতিলিপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
www.techedu.gov.bd

স্মারক নং : ৩৭.০৩.০০০০.০০১.১৮.৩০৮.১৬-৫৫২

তারিখ : ২৮/০৬/২০১৬ খ্রিঃ।

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে ৫০% দায়িত্ব ভাতা প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৬.১২.০৩১.১৫-৫৯৫, তারিখ : ২৭.০৬.২০১৬খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তার প্রতিষ্ঠান হতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের বেশ কয়েকজন কর্মকর্তা/কর্মচারীদের ২য় শিফটের দায়িত্ব পালন বাবদ মূল বেতনের ৫০% অর্থ দায়িত্ব ভাতা প্রদান করা হয়েছে মর্মে জানা গিয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রে বর্ণিত স্মারকে নিম্নোক্ত তথ্যাদি আগামী ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

- ক) কারিগরি শিক্ষা অধিদপ্তরের মোট কতজন কর্মকর্তা-কর্মচারির অনুকূলে এরূপ দায়িত্ব ভাতা প্রদান করা হয়েছে;  
খ) এ বিষয় শিক্ষা মন্ত্রণালয়ের পূর্বানুমতি আছে কিনা;  
গ) দায়িত্ব ভাতা প্রদানের বিষয়ে অর্থ বিভাগের প্রচলিত আর্থিক বিধি বিধান অনুসৃত হয়েছে কিনা;

এমতাবস্থায়, তার প্রতিষ্ঠান হতে অত্র অধিদপ্তরের কতজন কর্মকর্তা/কর্মচারীকে অনুরূপ দায়িত্ব ভাতা প্রদান করা হয়েছে; এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের পূর্বানুমতি আছে কিনা? এবং দায়িত্ব ভাতা প্রদানের বিষয়ে অর্থ বিভাগের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসৃত হয়েছে কিনা; তা আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২। বিষয়টি অতিব জরুরী।

  
(মোঃ মিজানুর রহমান)  
২৮-৬-১৬  
যুগ্ম-সচিব  
ও

পরিচালক (প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

প্রাপক

অধ্যক্ষ,

পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)/  
গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/  
সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা।

অনুলিপি অবগতির জন্য :

✓ ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ই-মেইল ও ওয়েব সাইটে প্রকাশের জন্য)।